

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা)  
৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৫১.২৫.৯১

বিষয়: ওয়িং এ্যাপারেলস লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে শিল্প আইআরসি এর আমদানি স্বত্ব হ্রাসপূর্বক ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশ প্রসঙ্গে।

সূত্র: আবেদনপত্র নং-৭৯৩, তারিখঃ ২৮/০৮/২০২৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, ওয়িং এ্যাপারেলস লিমিটেড, অফিস ও কারখানাঃ বুড়িরপাড়া, ১, ইয়ারপুর, জিরাবো, আশুলিয়া, ঢাকা নামক কারখানাটি স্থানীয় বিনিয়োগে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান হিসেবে বস্ত্র অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত। যা বস্ত্র অধিদপ্তরের নিবন্ধন সংখ্যা- আরএমজি/ইএক্সপি ০০০৯৬৩-২২, তারিখ: ১৬/০৫/২০২২ খ্রিঃ এবং শিল্প উপ-খাতঃ “তৈরি পোশাক (নীট ও ওভেনে)।” প্রতিষ্ঠান কর্তৃপক্ষ ব্য়বসায়িক মন্দার কারণে ১য় এডহক শিল্প আইআরসি (২৬০৩২৬১২০৪৫১৩২৪) এর সুবিধার বিপরীতে প্রয়োজনীয় কাঁচামাল আমদানি করতে না পারায় বস্ত্র অধিদপ্তরে শিল্প আইআরসি এর আমদানি স্বত্ব হ্রাসপূর্বক ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের জন্য আবেদন জানিয়েছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে দাখিলকৃত কাগজপত্রাদি পরীক্ষা নিরীক্ষা করে প্রতিষ্ঠানটির অনুকূলে শিল্প আইআরসি এর ৮ম শ্রেণীভুক্ত থেকে হ্রাস করে ৫ম শ্রেণীভুক্ত ষান্মাসিক আমদানি স্বত্ব ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা নির্ধারণপূর্বক ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী “তৈরি পোশাক (নীট ও ওভেনে)।” উপ-খাতের শিল্প প্রতিষ্ঠানটির কাঁচামাল আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০২১-২৪ যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

০২। অতএব, উপরিউক্ত সিদ্ধান্তের আলোকে আমদানি নীতি আদেশ এবং অন্যান্য সরকারি বিধিবিধান প্রতিপালন সাপেক্ষে ওয়িং এ্যাপারেলস লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানা এর অনুকূলে শিল্প আইআরসি এর ৮ম শ্রেণীভুক্ত থেকে হ্রাস করে ৫ম শ্রেণীভুক্ত ষান্মাসিক আমদানি স্বত্ব ১,৫০,০০,০০০/- (এক কোটি পঞ্চাশ লক্ষ) টাকা ও বার্ষিক আমদানি স্বত্ব ৩,০০,০০,০০০/- (তিন কোটি) টাকা নির্ধারণপূর্বক ২য় এডহক শিল্প আইআরসি জারীর সুপারিশের জন্য যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সুপারিশ করা হলো।

০৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



০১-০৯-২০২৫

রাজু আহমেদ

উপপরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার), ১৬ তলা ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.০০১.৯৯.০০৫১.২৫.৯১/১ (৬)

তারিখ: ১৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ  
০১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক (চলতি দায়িত্ব), নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, ওয়িং এ্যাপারেলস লিমিটেড, অফিস ও কারখানাঃ বুড়িরপাড়া, ১, ইয়ারপুর, জিরাবো, আশুলিয়া, ঢাকা।
- ৪। ওয়ান স্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, ঢাকা।
- ৫। এসিস্টেন্ট মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কোষ, বস্ত্র অধিদপ্তর।
- ৬। ., অফিস কপি।



০১-০৯-২০২৫

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারি পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)